দৈনিক ইনকিলাব

তারিখ 07 FEB 2007
পৃষ্ঠা ৫ কলাম ৭

# ঢাকায় সার্ক বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা হচ্ছে : এপ্রিলের পর স্থান নির্ধারণ

অর্থনৈতিক রিপোর্টার : শিগগিরই সার্ক বিশ্ববিদ্যালয় স্থাপিত হতে যাচ্ছে। ঢাকায় অনুষ্ঠিত গত সার্ক সম্মেলনে এই আঞ্চলিক বিশ্ববিদ্যালয়টি স্থাপনের প্রস্তাব গৃহীত হয়েছিল। আগামী এপ্রিলে নয়াদিল্লীতে আয়োজিত পরবর্তী সার্ক সম্মেলনে এই বিশ্ববিদ্যালয়টির স্থান নির্ধারণ করা হবে বলে জানা গেছে। এ ব্যাপারে গতকাল ঢাকায় দেশের শীর্ষস্থানীয় শিক্ষাবিদদের এক সংলাপে বিশ্ববিদ্যালয়টির রূপরেখা উপস্থাপন করা হয়। সংলাপে সার্ক দেশগুলোর মানবসম্পদ উন্নয়নের এ বিশ্ববিদ্যালয়টিকে সর্বোচ্চ জ্ঞানকেন্দ্রে পরিণত করার এবং এটিকে ঢাকায় স্থাপনের সুপারিশ করা হয়। এ মুহূর্তে ঢাকায় পর্যাপ্ত জায়গা না পাওয়া গেলে ঢাকা কিংবা এর আশপাশে অবস্থিত কোন একটি পাবলিক বিশ্ববিদ্যালয়কে সার্ক বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করে দ্রুত কার্য পরিচালনা সম্ভব বলে তারা মন্তব্য করেন। ঢাকার সিরডাপ মিলনায়তনে গতকাল সাউথ এশিয়া সেন্টার ফর পলিসি স্টাডিজ (সাসেপস) এবং সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) আয়োজিত এই সংলাপে প্রধান অতিথির বক্তব্যে পররাষ্ট্র উপদেষ্টা ড. ইফতেখার উদ্দিন আহমদ বলেন, সার্ক দেশগুলোর একটি বড় সম্পদ হচ্ছে এর মেধা ও জ্ঞান, সম্পদ।